
যায়যায়দিন

তারিখ 21 JAN 2009
পৃষ্ঠা ১৮ কলাম ৩



*শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ বজায় রাখা ও বহিরাগত সন্ত্রাসীদের গ্রেপ্তারের দাবিতে ছাত্রলীগ বঙ্গবন্ধু এভিনিউতে গতকাল মতবিনিময় সভার আয়োজন করে —যাযাদি*

### ছাত্রলীগ সভাপতি-সাধারণ সম্পাদকের হুশিয়ারি

# শিক্ষার পরিবেশ নষ্ট করলে কঠোর ব্যবস্থা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

শিক্ষা প্রতিষ্ঠানে সহাবস্থান ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে সংগঠনের নেতাদের হুশিয়ার করে দিয়ে ছাত্রলীগ কেন্দ্রীয় সভাপতি ও সাধারণ সম্পাদক বলেছেন, কারো কোনো কাজের জন্য ছাত্রলীগ, আওয়ামী লীগ ও সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন হলে তা সহ্য করা হবে না। তাৎক্ষণিক অভিযুক্তদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে।

পৃ ১০ ›› ক ৩

## শিক্ষার পরিবেশ নষ্ট

*(শেষ পৃষ্ঠার পর)*

শিক্ষাঙ্গনে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে আয়োজিত মতবিনিময় সভায় সংগঠনের দুই শীর্ষ নেতা গতকাল এভাবেই সতর্ক করে দেন। দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রলীগের অভ্যন্তরীণ কোন্দলের জের ধরে সম্প্রতি ব্যাপক সহিংস ঘটনা ঘটছে। আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী এ কারণে ছাত্রলীগ সভাপতি এবং সাধারণ সম্পাদককে কয়েকবার তিরস্কার করেন। এরই পরিপ্রেক্ষিতে গতকাল দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রলীগের দায়িত্বশীল নেতাদের ঢাকায় ডেকে পাঠানো হয়। গতকাল দুপুরে বঙ্গবন্ধু এভিনিউতে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে এ সভার সভাপতিত্ব করেন ছাত্রলীগ সভাপতি মাহমুদ হাসান রিপন। সংগঠনের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মাহফুজুল হায়দার চৌধুরী রোটন সভার উদ্বোধন করেন।